

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৯

٩. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)
পরিচ্ছেদঃ কুর'আন পাঠ করা

باب قراءة القرآن

## আরবী

[729 / م] ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا خَلَفُ بْنُ هِشَامٍ الْبَزَّارُ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ عَنْ جُنْدُبِ بْنِ عَبْدِ اللَّهِ ... رَفَعَهُ إِلَى النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (اقرؤا الْقُرْآنَ مَا الْتَلَفَتْ عَلَيْهِ قُلُوبُكُمْ فَإِذَا اخْتَلَفْتُمْ فيه فقوموا عنه)

الراوي: عائشة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 729 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৭২৯/\*. জুনদুব বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা কুর'আন পাঠ করো, যতক্ষন পর্যন্ত তোমাদের অন্তরগুলো পরস্পরে ঐক্যবদ্ধ থাকে। আর যখন তোমরা তাতে (কুর'আনের অর্থ, পঠন-পঠনের পদ্ধতি প্রভৃতিতে) মতভেদে লিপ্ত হবে, তখন তোমরা (কুর'আন পড়া ছেড়ে দিয়ে) উঠে যাবে।"[1] [2]

## ফুটনোট

[1] মুসনাদু আবী ই'য়ালা: ১৫১৯; সহীহ্ আল বুখারী: ৭৫৯; তাবারানী: ১৬৭৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২২৪; মুসনাদ আহমাদ: ৪/৩১২; সহীহ মুসলিম: ২৬৬৭; দারেমী: ২/৪৪২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৫২৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান; ৭২৯।)



[2] হাদীসটি মুল কিতাবে এখান থেকে বাদ পড়েছে। এজন্য পরের নাম্বারের ধারাবাহিকতা ঠিক রাখার জন্য এই হাদীসের না্ম্বার আগের নাম্বার বহাল রাখা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জুনদুব ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন